

বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন সহায়ক তথ্য ও ডকুমেন্টের তালিকা

১। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান অনুমতির আবেদন ফি নিম্নরূপ হারে নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে, যথাঃ

- ক) মেট্রোপলিটন সিটি ও অন্যান্য বিভাগীয় শহরে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ০৫(পাঁচ) হাজার টাকা
- খ) জেলা সদরে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ০৩ (তিন) হাজার টাকা
- গ) উপজেলা সদরসহ অন্য যেকোন স্থানে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ০২ (দুই) হাজার টাকা

২। পাঠদান অনুমতির মেয়াদ হইবে পাঠদান অনুমতি সনদ প্রদানের তারিখ হইতে পরবর্তী ০১ (এক) বৎসর

৩। পাঠদান অনুমতি সনদ প্রাপ্তির ০১ (এক) বৎসর মেয়াদ অতিক্রান্ত হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে পাঠদান অনুমতিপ্রাপ্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষকে উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে উক্ত বিদ্যালয় নিবন্ধনের জন্য বিধিমালার উপ-বিধি (৩) এ বর্ণিত ফিসহ ফরম 'গ' তে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

৪। নিবন্ধনের জন্য আবেদন ফি নিম্নরূপ, যথাঃ

- ক) মেট্রোপলিটন সিটি ও অন্যান্য বিভাগীয় শহরে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ১৫(পনের) হাজার টাকা
- খ) জেলা সদরে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা
- গ) উপজেলা সদরসহ অন্য যেকোন স্থানে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ০৮ (আট) হাজার টাকা

৫। নিবন্ধন কর্তৃপক্ষ হইবে বিভাগীয় উপ-পরিচালক

৬। পাঠদান অনুমতি সনদ পাইবার ০১ (এক) বৎসর মেয়াদ অতিক্রান্ত হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিবন্ধকের জন্য কার্যক্রম গ্রহণ না করিলে পাঠদান অনুমতি বাতিল হইবে

৭। প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি সংরক্ষিত তহবিল এবং একটি সাধারণ তহবিল থাকিবে।

ক) সংরক্ষিত তহবিলে, বিধিমালার বিধি ১৩ এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত সঞ্চয়পত্র আকারে বা কোনো তফসিল ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে জমা থাকিবে, যথাঃ

- ✓ মেট্রোপলিটন এলাকায় অবস্থিত হইলে ০১ (এক) লক্ষ টাকা
- ✓ জেলা সদরে অবস্থিত হইলে ৭৫ (পাঁচাত্তর) হাজার টাকা
- ✓ উপজেলা সদর ও পৌরসভায় অবস্থিত হইলে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা
- ✓ ইউনিয়ন পর্যায়ে অবস্থিত হইলে ২৫ (পঁচিশ) হাজার টাকা।

খ) ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা বা ভাঙ্গানো যাইবে না।

গ) সাধারণ তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ

- ✓ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বেতন-ভাতাদি হইতে প্রাপ্ত অর্থ
- ✓ কোনো স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক পদন্তু অনুদান
- ✓ সরকার বা অন্য কোনো সংস্থা হইতে প্রাপ্ত অনুদান
- ✓ শিক্ষা কার্যক্রম বর্হিভূত অন্য কোনো উদ্যোগ বা কর্মকান্ড হইতে প্রাপ্ত আয় এবং
- ✓ অন্য কোনো উৎস হইতে প্রাপ্ত আয়

৮। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমি ও ভবনঃ

- ✓ নিজস্ব মালিকানায় বা ভাড়ায় মেট্রোপলিটন এলাকায় অন্যান্য ০.০৩ একর (তিন শতাংশ)
- ✓ পৌরসভা এলাকায় অন্যান্য ০.০৫ একর (পাঁচ শতাংশ) এবং
- ✓ অন্যান্য এলাকার জন্য অন্যান্য ০.০৩ একর (তিন শতাংশ) ভূমি থাকিতে হইবে

অথবা

নিজস্ব মালিকানায় বা ভাড়ায় অন্যান্য ৩০০০ (তিন হাজার) বর্গফুট পরিমাণের ভবন থাকিতে হইবে

৯। কোন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন প্রত্যাখ্যাত হইলে বা অধ্যাদেশের ধারা ৬ এর অধীন নিবন্ধন সনদ বাতিল বা স্থগিত করা হইলে উক্ত বিদ্যালয়ের নিবন্ধনের জন্য পুনরায় আবেদন করা যাইবে

১০। পাঠদানের অনুমতির জন্য প্রদেয় ডকুমেন্টের তালিকাঃ

- বিদ্যালয়ের গঠনতন্ত্রের কপি
- বিদ্যালয়ের জমি ভাড়ায় হলে ভাড়ার চুক্তিনামা কপি
- বিদ্যালয়ের জমি নিজস্ব হলে জমির দলিলের কপি ও নামজারির কপি
- বিধিমালা অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটির তালিকা
- সাধারণ তহবিলের অর্থের অনুকূলে ব্যাংকের ব্যবস্থাপকের সনদ
- সংরক্ষিত তহবিলের অর্থের অনুকূলে ব্যাংকের ব্যবস্থাপকের সনদ
- পার্শ্ববর্তী চতুর্পার্শ্বস্থ নিকটতম বিদ্যালয়সমূহের তথ্য সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক পৃথক কাগজে প্রত্যায়িত কপি
- কোনো প্রকার সরকারি অনুদান/সাহায্য ছাড়া বিদ্যালয় পরিচালিত হবে মর্মে অঙ্গীকারনামার কপি (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প)

১১। বিদ্যালয়ের নিবন্ধনের জন্য প্রদেয় ডকুমেন্টের তালিকাঃ

- পার্শ্ববর্তী চতুর্পার্শ্বস্থ নিকটতম বিদ্যালয়সমূহের তথ্য সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক পৃথক কাগজে প্রত্যায়িত কপি
- ভূমি ও ভবনসহ বর্তমান যাবতীয় সম্পদের বিবরণ (দলিল, নামজারি ইত্যাদি)
- বিদ্যালয়ের ভবন ভাড়ায় হলে ভাড়ার চুক্তিনামা কপি
- সাধারণ তহবিলের অর্থের অনুকূলে ব্যাংকের ব্যবস্থাপকের সনদ
- সংরক্ষিত তহবিলের অর্থের অনুকূলে ব্যাংকের ব্যবস্থাপকের সনদ

- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর কর্মকর্তা কর্তৃক প্রতি ০৩ (তিন) মাসে অনূন ০১ (এক) বার পরিদর্শন হলে **পরিদর্শনের প্রতিবেদনের কপি**
- নিবন্ধনের জন্য নির্ধারিত ফি জমার বিবরণ (**নিবন্ধন সংক্রান্ত ফি জমাদানের প্রমাণ স্বরূপ জমারসিদের কপি**)

১১। বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের জন্য প্রদেয় ডকুমেন্টের তালিকাঃ

- ভূমি ও ভবনসহ বর্তমান যাবতীয় সম্পদের বিবরণ (**দলিল, নামজারি ইত্যাদি**)
- বিদ্যালয়ের ভবন ভাড়া হলে ভাড়ার **চুক্তিনামা কপি**
- সাধারণ তহবিলের অর্থের অনুকূলে **ব্যাংকের ব্যবস্থাপকের সনদ**
- সংরক্ষিত তহবিলের অর্থের অনুকূলে **ব্যাংকের ব্যবস্থাপকের সনদ**
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর কর্মকর্তা কর্তৃক প্রতি ০৩ (তিন) মাসে অনূন ০১ (এক) বার পরিদর্শন হলে **পরিদর্শনের প্রতিবেদনের কপি**
- নিবন্ধনের জন্য নির্ধারিত ফি জমার বিবরণ (**নিবন্ধন সংক্রান্ত ফি জমাদানের প্রমাণ স্বরূপ জমারসিদের কপি**)